বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

www.bcsl.gov.bd

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen Charter) ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৩) বাস্তবায়ন পরিবীক্ষণ সভার কার্যবিবরণী।

সভাপতি	জনাব মোঃ এনামুল হক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ), বাকেশি খুলনা।
স্থান	বাকেশি সভাকক্ষ
তারিখ ও সময়	০৬.০৬.২০২৩ খ্রিঃ, সকাল ১১-৩০ ঘটিকা
সভায় উপস্থিতি	পরিশিষ্ট-ক

০১। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি কমিটির সদস্য-সচিব সহকারী ব্যবস্থাপক (প্রশাসন)-কে বাংলাদেশ ক্যাবল শিল্পের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen Charter)-তে বর্ণিত সেবাসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। সভায় নিম্নলিখিত সেবা ও বাস্তবায়ন অগ্রগতি আলোচনা করা হয়। আলোচনা ও সেবাসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো।

১) নাগরিক সেবা

ক্রম	সেবার নাম	সেবা প্রদানের নির্ধারিত সময়সীমা	বাস্তবায়ন অগ্রগতি
(১)	(২)	(৩)	(৪)
১.	Right to Information (RTI)	১৫ কর্মদিবস	সংশ্লিষ্ট সেবা প্রত্যাশীর আবেদন/অনুরোধের প্রেক্ষিতে তথ্য প্রদান কার্যক্রম চলমান আছে।
২.	বাকেশির ওয়েব পোর্টাল হালনাগাদকরণ	৭ কর্মদিবস	বাকেশি'র ওয়েবসাইটে নিয়মিত তথ্য আপলোড বা তথ্য হালনাগাকরণ কার্যক্রম চালু আছে।
৩.	টেলিকমুনিকেশন কপার ক্যাবল উৎপাদন ও সরবরাহ করণ।	১) ২ (দুই) কর্মদিবসে কোটেশন প্রদান। ২) ক্রেতার চাহিদামত সময়ে ক্যাবল সরবরাহ।	১। ক্রেতার চাহিদা বিবেচনায় নির্ধারিত সময়ের মধ্যেই কোটেশন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রদান করা হচ্ছে। ২। ক্রেতার চাহিদামত সময়ের মধ্যে ক্যাবল ডেলিভারীসহ ডেলিভারী চালান ও বিল সরবরাহের প্রচেষ্টা অব্যাহত আছে।
৪.	অপটিক্যাল ফাইবার ক্যাবল উৎপাদন ও সরবরাহ করণ।	১) ২ (দুই) কর্মদিবসে কোটেশন সরবরাহ। ২) ক্রেতার চাহিদামত সময়ে ক্যাবল সরবরাহ।	১। ক্রেতার চাহিদা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কোটেশন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রদান করা হয়। ২। ক্রেতার চাহিদামত সময়ের মধ্যে ক্যাবল ডেলিভারীসহ ডেলিভারী চালান ও বিল সরবরাহ করা হয়।
৫.	এইচডিপিই সিলিকন কোর ডাক্ট পাইপ উৎপাদন ও সরবরাহ করণ।	১) ২ (দুই) কর্মদিবসে কোটেশন সরবরাহ। ২) ক্রেতার চাহিদামত সময়ে ডাক্ট সরবরাহ।	১। ক্রেতার চাহিদা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে কোটেশন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রদান করা হয়ে থাকে। ২। ক্রেতার চাহিদামত সময়ের মধ্যে ক্যাবল ডেলিভারীসহ ডেলিভারী চালান ও বিল সরবরাহ করা হয়ে থাকে।
৬.	বৈদ্যুতিক ওভারহেড কন্ডাক্টর ও সার্ভিস ড্রপ ক্যাবল উৎপাদন এবং সরবরাহকরণ।	১) ২ (দুই) কর্মদিবসে কোটেশন সরবরাহ। ২) ক্রেতার চাহিদামত সময়ে ক্যাবল সরবরাহ।	১। ক্রেতার চাহিত তথ্য পর্যালোচনায় নির্ধারিত সময়ের মধ্যে কোটেশন ও টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রদান করা হচ্ছে। ২। ক্রেতার চাহিদামত সময়ের মধ্যে ক্যাবল ডেলিভারীসহ ডেলিভারী চালান ও বিল সরবরাহ করা হচ্ছে।
৭.	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন	২টি প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে ১টি প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। ৪র্থ কোয়ার্টারের জুন'২০২৩ এর মধ্যে আরও ১টি প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা হবে।
৭.	সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন	২টি সভা আয়োজন করা হবে।	সেবা প্রদান কার্যক্রম গতিশীল করতে ২য় কোয়ার্টারে ১টি এবং ৪র্থ কোয়ার্টারে ১টি স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা অনুষ্ঠিত হয়েছে।

২. অভ্যন্তরীণ সেবা

ক্রম	সেবার নাম	সেবা প্রদানের নির্ধারিত সময়সীমা	বাস্তবায়ন অগ্রগতি
(১)	(২)	(৩)	(৪)
১.	চাকরি স্থায়ীকরণ	সংশ্লিষ্ট চাকুরীর বিধিমালা অনুয়ায়ী নির্ধারিত সময়সীমা	স্থায়ী নিয়োগের ক্ষেত্রে চাকুরী বিধিমালা ও নিয়োগপত্রের শর্ত অনুসরণে যথাসময়ে চাকুরী স্থায়ীকরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। পরবর্তী স্থায়ী নিয়োগের ক্ষেত্রে একই পদ্ধতি অনুসরণ করা হবে।
২.	কর্মকর্তা ও কর্মচারীদের উচ্চতর গ্রেডে পদোন্নতি, শ্রেনী পরিবর্তন সংক্রান্ত বিষয়াবলী	সংশ্লিষ্ট চাকুরীর বিধিমালা অনুয়ায়ী নির্ধারিত সময়সীমা	কর্মকর্তা-কর্মচারীদের পদোন্নতি, স্কেল উন্নীতকরণ বা শ্রেণী পরিবর্তন সংক্রান্ত বিষয়ে চাকুরীবিধি অনুসরণে বিবেচনার বিষয়গুলো চলমান রয়েছে।
৩.	বার্ষিক বেতন বৃদ্ধি	নির্দেশিত সময়সীমা	সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক বেতনবৃদ্ধি প্রদান করা হয়ে থাকে।
৪.	সিপিএফ অগ্রিম মঞ্জুর	৭ (সাত) কার্যদিবস	নির্ধারিত ফরমে আবেদন পাওয়ার পর তা নির্ধারিত সময়ের মধ্যে মঞ্জুর করা হয়ে থাকে।
৫.	সাধারণ ভবিষ্য তহবিলে জমাকৃত টাকা চূড়ান্ত উত্তোলন।	৩০ (ত্রিশ) কার্যদিবস	নির্ধারিত ফরমে আবেদন পাওয়ার পর তা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের ব্যবস্থা করা হয়ে থাকে।
৬.	আনুতোষিক উত্তোলন।	৩০ (ত্রিশ) কার্যদিবস	নির্ধারিত ফরমে আবেদন পাওয়ার পর তা নির্ধারিত সময়ের মধ্যে মঞ্জুর করা হয়ে থাকে।
৭.	শ্রমিক অংশগ্রহন তহবিল ও শ্রমিক কল্যান তহবিল ট্রাস্ট সংশ্লিষ্ট	৩০ (ত্রিশ) কার্যদিবস	নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন পাওয়া গেলে তা নির্ধারিত সময়ের মধ্যে প্রদানের ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে।
৮.	গৃহ নির্মাণ, মটর সাইকেল ও অন্যান্য ঋণ মঞ্জুর	৩০ (ত্রিশ) কার্যদিবস	নির্ধারিত ফরমে আবেদন পাওয়ার পর তা নির্ধারিত সময়ের মধ্যে মঞ্জুর করা হয়ে থাকে।
৯.	অর্জিত ছুটি, শ্রান্তি বিনোদন ছুটি ও অন্যান্য ছুটি	৭ (সাত) কার্যদিবস	ছুটির প্রাপ্যতা সাপেক্ষে আবেদন মঞ্জুর করা হচ্ছে।
১০.	পিআরএল মঞ্জুর	৭ (সাত) কার্যদিবস	নির্ধারিত ফরমে আবেদন পাওয়ার পর তা নির্ধারিত সময়ের মধ্যে মঞ্জুর করা হয়ে থাকে।
১১.	দেশীয় প্রশিক্ষণ/বৈদেশিক প্রশিক্ষণ	৭ (সাত) কার্যদিবস	প্রাপ্যতা নির্ধারণ সাপেক্ষে দেশে ও বিদেশে প্রশিক্ষণের কার্যক্রম চলমান আছে।
১২.	যানবাহন প্রদান	১ (এক) কার্যদিবস	নির্ধারিত ফরমে আবেদন পাওয়ার পর প্রাপ্যতা নির্ধারণ সাপেক্ষে যানবহন প্রদান কার্যক্রম চলমান আছে।
১৩.	পাসপোর্ট অনাপত্তি পত্র (NOC) প্রদান	০৩ হতে ০৫ কর্মদিবস	আবেদন যথাসময়ে বিবেচনা করে ছাড়পত্র প্রদান করা হচ্ছে।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে সেবা প্রদানে আরও মনোযোগী, যত্নবান এবং উদ্যোগী হওয়ার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

06/06/2023

মোঃ এমামুল হক
মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ)
ও
আহবায়ক, সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen Charter)
পরিবীক্ষণ কমিটি।
বাকেশি, খুলনা।

বাংলাদেশ ক্যাবল শিল্প লিমিটেড, খুলনা।

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়।

www.bcsl.gov.bd

বিষয়ঃ সেবা প্রদান প্রতিশ্রুতির (Citizen Charter) ত্রৈমাসিক (এপ্রিল-জুন/২০২৩) পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন সম্পর্কিত সভা।

তারিখ ও সময় : ০৬.০৬.২০২৩ খ্রিঃ, সকাল ১১-৩০ ঘটিকা।

সভাপতি : মহাব্যবস্থাপক (পরিকল্পনা, উন্নয়ন ও মান নিয়ন্ত্রণ), বাকেশি খুলনা।

স্থান : বাকেশি সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের উপস্থিতি স্বাক্ষরঃ

ক্রম	নাম ও পদবী	টেলিফোন/মোবাইল নং/ই মেইল	স্বাক্ষর
১	মোঃ নিয়ামুল হক সহকারী ব্যবস্থাপক (পরি:, উন্নঃ ও মা:নি:), বাকেশি, খুলনা।	01550059622	06/06/2023
২	মোঃ মোজাহিদুর রহমান ব্যবস্থাপক (মার্কেটিং)	01550059639	06.06.2023
৩	মোঃ আজাদ হোসেন সহঃ ব্যবস্থাপক (প্রশাসন)	01550059702	06/6/23
৪			
৫			
৬			